



জামায়াত আমিরের সঙ্গে সুইজারল্যান্ডের রাষ্ট্রদূতের বৈঠক



জামায়াত আমিরের সঙ্গে সুইজারল্যান্ডের রাষ্ট্রদূতের বৈঠক। ছবি: সংগৃহীত

বিরোধীদলীয় নেতা ডা. মো. শফিকুর রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন বাংলাদেশে নিযুক্ত সুইজারল্যান্ডের রাষ্ট্রদূত রেতো রেংগলি। মঙ্গলবার (২৩ জুন) সংসদ ভবনে বিরোধীদলীয় নেতার কার্যালয়ে এ বৈঠক অনুষ্ঠিত হয়।

বৈঠকে সুইজারল্যান্ড দূতাবাসের হেড অব পলিটিক্যাল, ইকোনমিক অ্যান্ড কমিউনিকেশন অ্যাফেয়ার্স আলবের্তো জিওভানেত্তি এবং সিনিয়র পলিটিক্যাল, ইকোনমিক অ্যান্ড প্রেস অফিসার খালেদ চৌধুরী উপস্থিত ছিলেন।

সৌহার্দ্যপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত বৈঠকে বাংলাদেশের নির্বাচন-পরবর্তী রাজনৈতিক পরিস্থিতি, দ্বিপাক্ষিক সম্পর্ক এবং বিনিয়োগের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। এ সময় রাষ্ট্রদূত রেতো রেংগলি বাংলাদেশের প্রতি সুইজারল্যান্ডের অব্যাহত সমর্থনের কথা পুনর্ব্যক্ত করেন। পাশাপাশি ভবিষ্যতে দেশটিতে সুইস বিনিয়োগ আরও বাড়ার সম্ভাবনার কথাও তুলে ধরেন। আলোচনায় বাংলাদেশে গণতন্ত্র ও গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলোকে আরও শক্তিশালী করার প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন রাষ্ট্রদূত।

বৈঠকে রোহিঙ্গা সংকট, মানবাধিকার পরিস্থিতি এবং এসব বিষয়ে বিরোধী দল ও নাগরিক সমাজের গঠনমূলক ভূমিকা নিয়েও মতবিনিময় হয়। এ সময় ডা. শফিকুর রহমান নবায়নযোগ্য জ্বালানি, বাণিজ্য সম্প্রসারণসহ বিভিন্ন ক্ষেত্রে সুইজারল্যান্ডকে আরও সক্রিয় সহযোগিতার আহ্বান জানান।

বৈঠকে বিরোধীদলীয় নেতার পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা ব্যারিস্টার মীর আহমদ বিন কাসেম আরমান এমপি এবং পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা কমিটির সদস্য আলী আহমাদ মাবরুর উপস্থিত ছিলেন।